ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২২৪২
খোয়াই, ৮ আগস্ট, ২০২৫

**খোয়াই মহকুমায় হর ঘর তিরঙ্গা কর্মসূচি সাড়ম্বরে পালিত হচ্ছে ঃ মহকুমা শাসক**

সমগ্র রাজ্যের সাথে খোয়াই মহকুমায়ও হর ঘর তিরঙ্গা কর্মসূচি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হচ্ছে। আজ বিকেলে খোয়াই মহকুমা শাসকের অফিস কক্ষে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে খোয়াই মহকুমার মহকুমা শাসক নির্মল কুমার এই তথ্য জানিয়ে বলেন, শিক্ষার্থী থেকে শুরু করে সকলস্তরের মানুষের মধ্যে দেশপ্রেমবোধ জাগ্রত করতে এবং ঐক্য সংহতির বার্তা আরও মজবুত করতে মহকুমার সর্বত্র এই কর্মসূচি সাড়ম্বরে পালন করা হচ্ছে। বাইসাইকেল র‍্যালি আয়োজন করা ছাড়াও ১৩ আগস্ট সরকারি, আধা সরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে আলোকসজ্জা এবং বিভিন্ন স্থানে সেলফি পয়েন্ট করা হবে। খোয়াই পুর পরিষদের কার্যালয়ে স্বসহায়ক দলের মাধ্যমে প্রদর্শনী স্টল খোলা হয়েছে এবং সেলফি পয়েন্টও করা হয়েছে বলে মহকুমা শাসক জানিয়েছেন।

*****